WORLD PHARMACISTS DAY • 25TH SEPTEMBER 2026

বিশেষ সংখ্যা

PHARMACY DARPAN

ফার্মাসি দর্পণ

ফার্মাসিস্ট এসোসিয়েশন পশ্চিমবঙ্গ এর মুখপত্র

PHARMACISTS' ASSOCIATION, WEST BENGAL

SEVA SATATA SANGHATI

SANGRAM

T.U. Regn. No.- 15476 • ESTD. 1980

পশ্চিমবঙ্গের ফার্মেসি পেশা - ঐতিহ্য, অগ্রগতি ও ভবিষ্যৎ

Paschim Banger Pharmacy Pesha - Oitijhya, Agragati o Bhabishyat

Prescription audit & Pharmacist

REGISTERED PHARMACIST

EMPOWERING PHARMACISTS FOR HEALTHIER FUTURES

আমাদের দাবী

01–05

01 PCI Recruitment Rules 2025 WB চালু

Diploma as entry • Degree/PharmD only for 2 posts • Rest experience based promotion • Schedule-III

02 শূন্যপদ 2017 থেকে পূরণ ও নতুন পদ সৃষ্টি

HWC to MCH • Create new posts from Health & Wellness Centre to Medical College • Fill vacancies since 2017

03 বেতন কাঠামো সংশোধন

Level 14 • As per 7th CPC Level 7 • Grade Pay Rs 4600 • Equivalent to WB ROPA 2019 Level 14 • Parity with other departments • Technical Scale, A Grade entry

04 গ্রামাঞ্চল ও কমিউনিটি ফার্মেসী

PPR-2015 • Jan Aushadhi retail protection • Protect rural • Enforce PPR-2015 • Safeguard Jan Aushadhi

05 শিক্ষা ও ট্রেনিং

Govt colleges • M.Pharm 100% fee waiver • Rs 10000 monthly stipend • Study leave as per TR Rules • M.Pharm upgradation & upskilling • Mandatory internship support

06–10

06 কন্ট্রাকচুয়াল 10% reservation regularization NHM

- NHM — National Health Mission
- RBSK • WBHS • 10% reservation
- Regularization

07 প্রাইভেট হাসপাতাল ইন্ডাস্ট্রি হোলসেল ন্যূনতম মজুরি কর্ম সুরক্ষা

minimum wages • workplace safety • Risk allowance

08 স্বাস্থ্য বীমা ও ফার্মাসিস্ট ভূমিকা

ফার্মাকোভিজিল্যান্স • ক্লিনিকাল •
Health insurance coverage • Clinical pharmacy ADR monitoring • Patient counselling mandate

09 সংগঠন ও নৈতিকতা

WB Council election digital • Transparent digital Council election process • Uphold ethics • Strengthen disciplinary

10 ফার্মেসি কাউন্সিল্স ফি সংশোধন অসঙ্গতি দূরীকরণ

5-year renewal fee Rs 125 vs processing fee • Annual average Rs 1400 • Total ~Rs 7000 over 5 years • not applicable doctors/nurses • Immediate correction

স্মৃতি তর্পণ

“চিহ্ন তৰ পড়ে আছে তুমি হেথা নাই”

২০২৪-২০২৬ সময়কালে করোনা-উত্তর সংকট, প্রাকৃতিক দুর্যোগ ও বিভিন্ন চ্যালেঞ্জের মাঝে

যে সকল ফার্মাসিস্ট, সংগঠক নেতৃবৃন্দ, স্বাস্থ্যকর্মী, সেবাব্রতী ও জাতির বিশিষ্ট ব্যক্তিবর্গ আমাদের ছেড়ে চিরতরে প্রস্থান করেছেন, তাঁদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করছি।

মহামারীর কঠিন সময়ে দায়িত্বে অবিচল থেকে ওষুধ সরবরাহ, রোগীর সেবা ও জনস্বাস্থ্য রক্ষায় নিজেদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করা প্রয়াত ফার্মাসিস্ট ও স্বাস্থ্যকর্মীদের আত্মত্যাগকে আমরা স্মরণ করি।

সংগঠনের প্রয়াত নেতৃবৃন্দ, যাঁরা ফার্মাসি পেশার উন্নয়ন ও ন্যায্য অধিকার রক্ষায় নিরলস কাজ করেছেন, এবং জাতীয় জীবনে অবদান রাখা চিকিৎসা-সেবক, গবেষক, শিক্ষক ও দেশপ্রেমিক ব্যক্তিত্বদেরও স্মরণে রেখে তাঁদের আদর্শ, নিঠা ও সেবার পথ আমাদের চলার প্রেরণা হয়ে থাকুক।

আমরা তাঁদের আত্মার চিরশান্তি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের জানাই আন্তরিক সমবেদনা। এই স্মৃতি তর্পণের মাধ্যমে তাঁদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকুক—২০২৪ থেকে ২০২৬।

সেবার শিকড় যেখানে গভীর, শ্রদ্ধা সেখানে চিরন্তন।
সুস্থ সমাজের স্বপ্ন বুনে গেছেন যাঁরা,
সেই পূর্বপুরুষদের চরণে তর্পণের পবিত্র শ্রদ্ধাঞ্জলি।

ঘোষণা
DISCLAIMER

বাংলা / BENGALI

ফার্মেসী দর্পণ পত্রিকায় প্রকাশিত সমস্ত প্রবন্ধ, মতামত, তথ্য ও বিজ্ঞাপনের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট লেখক/বিজ্ঞাপনদাতার। সম্পাদকমণ্ডলী বা ফার্মাসিস্টস' অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল কোনোভাবেই এর জন্য দায়ী নয়।
এই পত্রিকার কোনো অংশ, ছবি, লেখা বা গ্রাফিক্স বিন্যাস পূর্বানুমতি ছাড়া অন্য কোথাও প্রকাশ, পুনর্মুদ্রণ বা ডিজিটাল মাধ্যমে ব্যবহার সম্পূর্ণ বেআইনি।
বানান ও তথ্যগত ভুলের জন্য সম্পাদকমণ্ডলী দুঃখিত ও ক্ষমাপ্রার্থী। সমগ্র পাঠকবৃন্দের নিরপেক্ষ দৃষ্টিতে দেখার জন্য অনুরোধ করা হচ্ছে।

ENGLISH / DISCLAIMER

Disclaimer: Pharmacy Darpan has taken constant care to ensure that the content is correct at the date of publication. Opinions expressed in articles reflect the views of the author(s) and not necessarily those of the publisher and editor. Published material, advertisements, editorials, and all other content are published in good faith.

Pharmacy Darpan is not responsible for any errors or omissions or for the results obtained from the use of this information. All information in this magazine is provided in good faith, with no guarantee of completeness, timeliness, or results obtained from the use of this information. This magazine assumes no responsibility for the content or accuracy of such content and makes no representation based on the content of this magazine as to the existence or availability of any products and services advertised in the contributing sections.

All rights reserved and nothing may be reprinted or reproduced in whole or in part without written consent. In this magazine, you may find content and advertisements from third parties.

YOU ACKNOWLEDGE AND AGREE THAT PHARMACY DARPAN IS NOT RESPONSIBLE AND SHALL NOT BE RESPONSIBLE FOR THE CONTENT, ADVERTISING, AND OTHER RESOURCES OF THIRD PARTIES.

ফার্মাসি দর্পণ

ফার্মাসিস্টস" অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ এর মুখপত্র
তারা অ্যাপার্টমেন্ট, 112 মহিয়াড়ি রোড, জিআইপি কলোনি, জগাছা, সাঁতরাগাছি, হাওড়া

প্রকাশনা - ফার্মাসিস্টস' অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল
প্রকাশক - সুবিমল বর্মন (প্রেসিডেন্ট) এবং সব্যসাচী হাইত (জেনারেল সেক্রেটারি)
সম্পাদক - সুভাষ চন্দ্র দাস ও শম্ভুনাথ বেরা (অর্গানাইজিং সেক্রেটারি)
বিশেষ সহযোগিতা - অতীশ রাউত, গোবিন্দ মাইতি, অমিয় রায়,
পার্থ প্রতিম ঘোষ,পরিতোষ মাহাতো, মণিশঙ্কর দাশ, প্রভাত রায়, বিবেকানন্দ সাউ ও অন্যান্য সদস্য
বিশেষ কৃতজ্ঞতা - অবনী ভৌমিক, বিশ্বরঞ্জন বেরা (পেট্রন)
প্রচ্ছদ, হরফ সজ্জা ও বিন্যাস, ফুটার - শম্ভুনাথ বেরা
মুদ্রণ - নিউ বনান্তী প্রেস, মহিষাদল, পূর্ব মেদিনীপুর, ফোন - ০৩২২৪ ২৪০ ০২৭

প্রচ্ছদ চিত্র — সেপ্টেম্বর ২০২৬ বিশেষ সংখ্যা

✣ আলাদা আলাদা আমরা এক এক বিন্দু,
কিন্তু একত্রে আমরা এক সাগর। ✣

PCI-র ঐতিহাসিক ৬-স্তরীয় ইউনিক ক্যাডার: Recruitment Rule 2025

PCI's Historic 6-Tier Unique Cadre : Recruitment Rule 2025

Level 12
Joint Director (Pharmacy)
Apex Level • Policy & Administration • Statewide Oversight

Level 11
District Pharmacy Officer / Deputy Director
District Level • Supervision & Implementation • District Pharmacare Management

Level 10
Chief Pharmacy Officer (Group A)
State Level • Group A Cadre • Senior Management

Level 9
Assistant Chief Pharmacy Officer
Supervisory Role • Assistance to Chief • Regional Monitoring

Level 8
Senior Pharmacy Officer
Senior Role • Experienced Professional • Field & Hospital Supervision

Level 7
Pharmacy Officer (Entry)
Entry Level • Direct Recruitment
Degree + Pharmacy Council Registration
Entry Level Direct Recruitment

Specialized Cadres

Recognized under Pharmacy Services Cadre Special Roles

Drug Information Pharmacy Officer

Drug Intelligence & Advisory Role

- **Drug & Medicine Information Service**
  Provide evidence-based drug information to clinicians & patients
- **Literature Review & Guideline Support**
  Monitor clinical guidelines, drug safety data
- **Health Professional & Patient Counselling**
  Support rational medicine use

Clinical Pharmacy Officer

Clinical Services & Patient Care

- **Medication Therapy Management (MTM)**
  Optimize medication use & therapeutic outcomes
- **Patient Counselling & Education**
  Counsel on safe use, adherence, side effects
  ADR Monitoring
- **Drug Utilization Review (DUR)**
  Analyze drug usage, promote rational prescribing

Inter-State Comparison: Cadre Structure Implementation

State / Region	Existing Structure	Key Features
West Bengal	Grade III Only No Promotion Ladder	No structured promotion pathway beyond Grade III No uniform 6-tier cadre in place No insurance/service benefits under cadre
Rajasthan / Karnataka / Maharashtra	Implemented 6-Tier Job Chart + Promotion Pathway	Clear Promotion Pathway & Career Growth Level 9 → Level 10 → Insurance & Service Benefits Included Health, Pension, Career Progression

Key Benefits: Uniform Career Pathway • Transparency • Professional Growth • Better Patient Care & Healthcare Delivery

Source: Pharmacy Council of India Recruitment Rule 2025 | Effective: 2025

Note: This infographic is for educational purposes only | Based on PCI Recruitment Rule 2025 — 6-Tier Unique Cadre for Pharmacy Officers

এবারের সংখ্যায়

‘ফার্মাসি দর্পণ’ – ফার্মাসিস্টস্' অ্যাসোসিয়েশন, পঃবঃ এর নিজস্ব মুখপত্র

আমাদের দাবী

পত্রিকা সম্পর্কিত

সাংগঠনিক কর্মসূচী

১ **মুখবন্ধ**
- (পৃষ্ঠা -৯)

২ **রাজ্য সভাপতির কলম**
-(পৃষ্ঠা -১০)

৩ **সাংগঠনিক প্রতিবেদন**
- (পৃষ্ঠা - ১১)

৪ **সম্পাদকের কলমে**
-(পৃষ্ঠা - ১৩)

৫ **পশ্চিমবঙ্গের ফার্মাসি পেশা - ঐতিহ্য, অগ্রগতি ও ভবিষ্যৎ**
-শম্ভুনাথ বেরা (পৃষ্ঠা - ১৬)

৬ **তোমার অবদান ও সম্মান**
-দেবরূপ মজুমদার (পৃষ্ঠা - ১৯)

৭ **মেঘের আড়ালে সূর্য হাসে**
-গোবিন্দ মাইতি (পৃষ্ঠা - ২০)

৮ **আমাদের রাজ্য**
-বিশ্বরঞ্জন বেরা (পৃষ্ঠা - ২৩)

৯ **PCI Pharmacist Recruitment, Promotion and Service Regulations, 2025 - একটি যুগান্তকারী পদক্ষেপ**
-সম্পাদক মণ্ডলী (পৃষ্ঠা - ২৪)

১০ **প্রার্থনার প্রতীক্ষায়**
-রাজদীপ গোস্বামী (পৃষ্ঠা - ২৬)

১১ **আমরা বেঁচে আছি**
-সুকান্ত কঙ্কন জানা (পৃষ্ঠা - ২৭)

১২ **NEW MEDICINES, NEW POSSIBILITIES**
-Tithiksha Das (পৃষ্ঠা - ২৮)

১৩ **Prescription audit & Pharmacist**
-Amiya Roy (পৃষ্ঠা - ৩২)

১৪ **পশ্চিমবঙ্গে ফার্মাসিস্টদের বর্তমান অবস্থা - ২০১৭ সালের নিয়মে আটকে**
-সম্পাদক মণ্ডলী (পৃষ্ঠা - ৩৫)

১৫ **Vitamin SEA**
-Sutapa Das (পৃষ্ঠা - ৩৮)

১৬ **চাকরি না পেলেও জীবিকা- আগামী প্রজন্মের জন্য ১০টি পথ**
-শম্ভুনাথ বেরা (পৃষ্ঠা - ৪০)

১৭ **The Clinical Pharmacist**
-সত্যজিৎ সাহা (পৃষ্ঠা - ৪৫)

১৮ **Pharmacy Profession-এর উন্নতির জন্য কর্মসূচি — দাবি নয়, চাই বাস্তব পরিবর্তন**
-অসিত দাস (পৃষ্ঠা - ৫৩)

১৯ **ভারতের ফার্মাসি পেশার রূপকার প্রফেসর মহাদেব লাল শ্রফ:**
কৌস্তভ করণ (পৃষ্ঠা - ৫৮)

Central Committee 2025-2027

Central Committee Members

- **Patron:** Abani Mohan Bhowmick, Biswaranjan Bera
- **Advisor :** Purna Ch Bhunia, Debiprasad Chakraborty, Subhas Ch Das, Prasanta Manna, Asish Kr Samanta, Purnendu Shekhar Mandal, Bankim Chandra Chanda, Ratan Bose, Shyamapada Das

Name of the office bearers

- **President** : **Subimal Barman**
- **Vice-President** : 1. Prabhat Kumar Roy, 2. Gobinda Maity
- **General Secretary** : **Sabyasachi Hait**
- **Jt. Secretary** : **Atish Rout**
- **Organising Secretary** : **Sambhunath Bera**
- **Asstt. Secretary** : 1. Vivekananda sau, 2. Bikash Dutta
- **Office Secretary** : Amiya Roy
- **Treasurer** : Mani Sankar Das
- **Member**

  1. Partha Pratim Ghosh,
  2. Paritosh Mahato,
  3. Pravat Kumar Kundu,
  4. Shuvendra Nath Chakraborty,
  5. Gopal Routh,
  6. Brindabon Shaw,
  7. Tapas Kumar Pandit,
  8. Koushik Roy Gupta,
  9. Milan samai,
  10. Arup sarkar,
  11. Jyotindranath Hembram

- **Member (Co-opt)**

1. Sri Paritosh Das
2. Sri Bikash Chandra Samanta
3. Sri Dipak Kumar Maity
4. Sri Swapan Kumar Khatua

মুখবন্ধ

World Pharmacy Day Special — ২৫শে সেপ্টেম্বর, ২০২৬
Theme: "Empowering pharmacists for healthier futures"
অর্থাৎ: "ফার্মাসিস্টদের ক্ষমতায়ন, তবেই সুস্থ ভবিষ্যৎ"
এবছর World Pharmacy Day 2026 এর থিম — Empowering pharmacists for healthier futures।
FIP এর সভাপতি Mr. Paul Sinclair বলেছেন —
"Empowering pharmacists means equipping them with the competencies, recognition and working environments necessary to meet evolving health needs."
অর্থাৎ: ফার্মাসিস্টদের ক্ষমতায়ন মানে তাঁদের যোগ্যতা অনুযায়ী স্বীকৃতি, দক্ষতা অনুযায়ী কাজের পরিবেশ এবং স্বাস্থ্য ব্যবস্থায় পূর্ণ একীকরণ।
এই বইটি যখন লিখছি, তখন পশ্চিমবঙ্গের ফার্মাসিস্টরা ক্ষমতায়িত নন, বরং সবচেয়ে বেশি ক্ষমতাহীন।
১) Empowering education: অর্থাৎ শিক্ষার মানোন্নয়ন; কিন্তু এখানে কে Inspection করবে তাই নিয়ে লড়াই: ফার্মাসিস্টদের শিক্ষার মানোন্নয়ন নিয়ে আমরা আজও আদালতে লড়ছি। PCI-এর একক ক্ষমতা নিয়ে বিতর্ক চলছে, ফলে শিক্ষার উন্নতির বদলে প্রশাসনিক জটিলতায় আটকে আছি।
২) Empowering Recognition: অর্থাৎ স্বীকৃতি, কিন্তু এখানে Registrar ই Non-Pharmacist:
West Bengal Pharmacy Council এর Registrar একজন Commerce Graduate, President Non-Pharmacist। PCI 2024 সালে রাজ্যকে নোটিশ দিলেও, আমাদের এখানে আজও একজন ফার্মাসিস্ট তাঁর নিজের Council এর Registrar হতে পারছেন না। তাহলে Healthier Future কিভাবে হবে?
৩) Empowering Working Environment: অর্থাৎ কর্মপরিবেশে পর্যাপ্ত জনবল ও সঠিক দায়িত্ব। কিন্তু এখানে IPHS Norms অনুসারে নির্দিষ্ট সংখ্যক ফার্মাসিস্টের পদ থাকলেও পর্যাপ্ত পোস্টিং নাই। OPD-তে প্রতিদিন কয়েকশো রোগী আসলেও একজন ফার্মাসিস্টকে একাধিক জনের কাজ করতে হয়। ডিউটি ঘন্টা বেড়ে যায়--ছুটি নেই। Training Module বলে কিছু নেই। এই অবস্থায় ক্ষমতায়ন নয়, বরং ক্ষমতাহীনতার প্রতিচ্ছবি আমরা দেখি।
তাহলে Empowering কোথায়!!!
তাই এই বইয়ের জন্ম--
এই বইটি কোনো অভিযোগপত্র নয়, এটি থিমেরই প্রতিধ্বনি। আমরা বলতে চাই —
যদি Empowering করতে হয়, তাহলে PCI Service Rules 2025 অনুযায়ী যথাযথ পদোন্নতি দিতে হবে, Level-9 এ আটকে রাখা যাবে না।
যদি Healthier Future চাই, তাহলে WB Health Portal এর Memo No. 186 অনুযায়ী Store Management, Inventory Control, Poisonous Drug Record এর পূর্ণ দায়িত্ব ফার্মাসিস্টকে দিতে হবে এবং তার জন্য পর্যাপ্ত লোক নিয়োগ করতে হবে।
যদি Empowering করতে হয়, তাহলে Council এর চাবি ফার্মাসিস্টদের হাতে দিতে হবে।
World Pharmacy Day 2026 শুধু একটি দিন নয়, এটি আমাদের জন্য একটি আয়না। বিশ্ব বলছে — ফার্মাসিস্টকে ক্ষমতায়ন করো। আর আমরা আজও বলছি — আমাদের অস্তিত্বকে স্বীকার করো।
এই বইটি সেই স্বীকৃতির লড়াইয়ের একটি দলিল।
জয় ফার্মাসিস্ট। জয় ফার্মাসিস্টস’ অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল।

রাজ্য সভাপতির কলম

সুবিমল বর্মন

আমার প্রিয় সাংগঠনিক সাথী ও বন্ধুরা — ১৪তম World Pharmacists Day উদযাপনের এই মহাক্ষণে আমাদের এই সুমহান পেশার সঙ্গে জড়িত প্রত্যেককে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

আমরা জানি,স্বাস্থ্যব্যবস্থার অন্যতম গুরুত্বপূর্ণ স্তম্ভ হল ফার্মাসি পেশা। চিকিৎসক রোগ নির্ণয় ও চিকিৎসার পথ নির্দেশ করেন, আর সেই চিকিৎসাকে নিরাপদ, সঠিক ও কার্যকরভাবে মানুষের কাছে পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ফার্মাসিস্টের ভূমিকা অপরিসীম। ওষুধের উৎপাদন, গুণমান নিয়ন্ত্রণ, সংরক্ষণ, সরবরাহ, সঠিক ব্যবহার সম্পর্কে পরামর্শ এবং রোগীর নিরাপদ ওষুধ ব্যবহারের ক্ষেত্রে ফার্মাসিস্টরা নিরন্তর গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে চলেছেন।

ভারতের মতো বিশাল ও বৈচিত্র্যময় দেশে সাধারণ মানুষের কাছে স্বাস্থ্য পরিষেবা পৌঁছে দেওয়ার ক্ষেত্রে ফার্মাসিস্টদের ভূমিকা আরও গুরুত্বপূর্ণ। বিশেষ করে গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে ফার্মাসিস্টরা বহু মানুষের প্রথম সারির স্বাস্থ্য-সহায়ক হিসেবে কাজ করেন। কোভিড-১৯ মহামারির কঠিন সময়েও দেশের ফার্মাসিস্ট সমাজ নিজেদের জীবন ও নিরাপত্তার কথা উপেক্ষা করে ওষুধ সরবরাহ ও স্বাস্থ্যব্যবস্থাকে সচল রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তাঁদের সেই অবদান আমাদের সকলের কাছে গর্বের।

তবে আজকের দিনে ফার্মাসি পেশা এক নতুন সন্ধিক্ষণে দাঁড়িয়ে আছে। আজকে এই রাজ্যে জনসাধারণের জন্য অনুকূল পরিবেশে আধুনিক চিকিৎসাবিজ্ঞান, নতুন নতুন ওষুধ, প্রযুক্তির দ্রুত পরিবর্তন এবং রোগীর প্রত্যাশার সঙ্গে তাল মিলিয়ে ফার্মাসিস্টদেরও নিজেদের জ্ঞান ও দক্ষতাকে ক্রমাগত উন্নত করতে হবে। একজন আধুনিক ফার্মাসিস্টকে শুধুমাত্র ওষুধ বিতরণকারী হিসেবে নয়, বরং রোগীর নিরাপদ ওষুধ ব্যবহারের সহায়ক, স্বাস্থ্যশিক্ষক এবং জনস্বাস্থ্যের একজন গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে প্রতিষ্ঠিত হতে হবে।

এই লক্ষ্য পূরণে আমাদের মতো ফার্মাসিস্টদের সংগঠনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সংগঠন শুধু দাবি-দাওয়া আদায়ের মাধ্যম নয়; সংগঠন হল ঐক্য, অধিকার, পেশাগত মর্যাদা ও ভবিষ্যৎ প্রজন্মের স্বার্থ রক্ষার একটি শক্তিশালী মঞ্চ। তাই, আজকের এই পশ্চিমবঙ্গের স্বাস্থ্য পরিষেবাকে নতুন রূপ দিতে আমাদের সকলকে ব্যক্তিগত স্বার্থের ঊর্ধ্বে উঠে ফার্মাসি পেশার বৃহত্তর স্বার্থে ঐক্যবদ্ধ হতে হবে।

আমাদের দাবি হতে হবে যুক্তিসঙ্গত, আমাদের আন্দোলন হতে হবে গণতান্ত্রিক এবং আমাদের কর্মধারা হতে হবে মানুষের স্বার্থকেন্দ্রিক। ফার্মাসিস্টদের যথাযথ কর্মক্ষেত্র, পেশাগত মর্যাদা, উপযুক্ত দায়িত্ব ও সম্মান নিশ্চিত করার পাশাপাশি জনগণের কাছে ফার্মাসিস্টের প্রকৃত ভূমিকা তুলে ধরাও আমাদের অন্যতম দায়িত্ব।

আজকের এই শুভদিনে আমরা অঙ্গীকার করি— ফার্মাসি পেশার মর্যাদা রক্ষা করব, ফার্মাসিস্টদের অধিকার ও স্বার্থের জন্য ঐক্যবদ্ধ থাকব এবং সর্বোপরি মানুষের নিরাপদ ও উন্নত স্বাস্থ্যসেবার জন্য নিজেদের সর্বোচ্চ ক্ষমতা দিয়ে কাজ করব।

আমাদের পেশার ভবিষ্যৎ আরও উজ্জ্বল হোক। দেশের স্বাস্থ্যব্যবস্থায় ফার্মাসিস্টদের যথাযথ মর্যাদা ও ভূমিকা প্রতিষ্ঠিত হোক। সংগঠনের ঐক্য আরও শক্তিশালী হোক এবং প্রতিটি ফার্মাসিস্ট সমাজ ও দেশের প্রতি তাঁর দায়িত্ব পালনে আরও এগিয়ে আসুন—এই হোক আজকের দিনের প্রত্যয়।

১৪তম World Pharmacists Day-এর শুভেচ্ছা ও অভিনন্দন।

ফার্মাসিস্টরা ঐক্যবদ্ধ হোন— ফার্মাসি পেশাকে আরও শক্তিশালী ও মর্যাদাপূর্ণ করে তুলুন। মানবসেবায় ফার্মাসি পেশা তার সঠিক স্থান নিজেরাই নির্ধারণ করে সেই অর্জনের লক্ষ্যে নিরন্তর সচেষ্ট থাকুক— আসুন,আজকের দিনে সবাই সেই শপথ নিয়ে পথ চলি!

ফার্মাসিস্টস' অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল - জিন্দাবাদ!

সুবিমল বর্মণ, সভাপতি
ফার্মাসিস্টস' অ্যাসোসিয়েশন, ওয়েস্ট বেঙ্গল

সাংগঠনিক প্রতিবেদন

ফার্মাসিস্টস অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ (PAWB)
"ফার্মাসিস্টদের অধিকার ও মর্যাদা রক্ষায় PAWB-ই একমাত্র সংগঠন, যা নিরলসভাবে লড়াই চালিয়ে যাচ্ছে।"

বর্তমান স্বাস্থ্যব্যবস্থায় ফার্মাসিস্টদের কর্মপরিবেশের উন্নয়ন, পেশাগত মর্যাদা পুনপ্রতিষ্ঠা এবং আইনগত অধিকার সুনিশ্চিত করতে Pharmacists' Association, West Bengal (PAWB) ধারাবাহিকভাবে তার সংগ্রাম চালিয়ে যাচ্ছে।

ফার্মাসি কাউন্সিল অফ ইন্ডিয়া (PCI) কর্তৃক প্রকাশিত Pharmacist Recruitment Rules 2025, Pharmacy Practice Regulations (PPR) 2015 এবং নতুন Education Regulations-এর নীতিগত দিকগুলিকে ভিত্তি করে আমাদের সংগঠন রাজ্যজুড়ে ফার্মাসিস্টদের অধিকার আদায়ে এক যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে।

📌 ১. স্বতন্ত্র ফার্মাসি ডিরেক্টরেট গঠনের দাবিতে অব্যাহত সংগ্রাম

স্বাস্থ্য দপ্তরে ফার্মাসিস্টদের জন্য পৃথক প্রশাসনিক কাঠামো না থাকায় দীর্ঘদিন ধরে নিয়োগ, পদোন্নতি ও প্রশাসনিক মূল্যায়নে চরম বৈষম্য লক্ষ্য করা যাচ্ছে। PCI-এর নতুন রিক্রুটমেন্ট ও প্রাক্টিস রেগুলেশনের সঠিক বাস্তবায়নের জন্য স্বতন্ত্র "ফার্মাসি ডিরেক্টরেট" গঠন এখন সময়ের দাবি।

ডিরেক্টরেট গঠিত হলে:

- ফার্মাসিস্টদের প্রশাসনিক ও পেশাগত স্বীকৃতি সুদৃঢ় হবে।
- ক্লিনিক্যাল ফার্মাসি ও আধুনিক ড্রাগ ম্যানেজমেন্টের পূর্ণ সুযোগ তৈরি হবে।
- পদোন্নতি ও বেতন কাঠামোর দীর্ঘদিনের বৈষম্য দূর হবে।

📌 ২. নতুন PCI বিধিমালা (2025) ও পদমর্যাদার উন্নয়ন

ফার্মাসি কাউন্সিল অফ ইন্ডিয়ার নতুন নিয়মাবলী অনুযায়ী ফার্মাসিস্টদের ভূমিকা কেবল "ওষুধ সরবরাহ"-এর মধ্যে সীমাবদ্ধ নয়। PAWB-এর মূল দাবি—হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রে আধুনিক পদ সৃষ্টি করতে হবে:

- ক্লিনিক্যাল ফার্মাসিস্ট: চিকিৎসায় সঠিক ওষুধ প্রয়োগ ও ব্যবহারে সহায়তা করার জন্য।
- ড্রাগ ইনফরমেশন অফিসার: চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের ওষুধ সংক্রান্ত তথ্য প্রদান নিশ্চিত করতে।
- ফার্মাকোভিজিল্যান্স অফিসার: ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া মনিটরিং ও জনস্বাস্থ্য নিরাপত্তা নিশ্চিত করতে।

📌 ৩. ন্যায়সংগত বেতন কাঠামো ও উচ্চশিক্ষার সুযোগ

অন্যান্য স্বাস্থ্যকর্মীদের তুলনায় ফার্মাসিস্টরা সমান বা অধিক যোগ্যতা রাখা সত্ত্বেও পদমর্যাদা ও স্কেলে পিছিয়ে রয়েছেন। PAWB দাবি জানাচ্ছে:

- ন্যায্য বেতন কাঠামো: শিক্ষাগত যোগ্যতা ও কাজের পরিধি অনুযায়ী সমান সুযোগ-সুবিধা প্রদান।

উচ্চশিক্ষার সরকারি সুযোগ: সরকারি পদে কর্মরত ফার্মাসিস্টদের উচ্চতর শিক্ষা (Pharm.D / M.Pharm) ও গবেষণার জন্য পূর্ণ বেতনে স্টাডি লিভ ও প্রশিক্ষণের সুবিধা প্রদান।

সাংগঠনিক প্রতিবেদন

🌐 সাংগঠনিক সাফল্য ও জেলা এজিএম (AGM) পরিভ্রমণ

সংগঠন কোনো স্তব্ধ জলাশয় নয়, এটি একটি প্রবহমান নদী। অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, রাজ্য নেতৃত্বের আহ্বানে সাড়া দিয়ে ইতিমধ্যেই রাজ্যের বিভিন্ন জেলায় ওয়ার্ল্ড ফার্মাসিস্ট ডে ও জেলা বার্ষিক সাধারণ সভা (AGM) বিপুল উৎসাহ ও সাফল্যের সাথে সম্পন্ন হয়েছে।

উত্তরের পাহাড়ি সীমান্ত থেকে দক্ষিণের সুন্দরবন—দার্জিলিং, জলপাইগুড়ি, আলিপুরদুয়ার, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম (রামপুরহাট শাখা সহ), পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, পূর্ব বর্ধমান, পশ্চিম বর্ধমান, হুগলি, হাওড়া, উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা এবং কলকাতা—রাজ্যের প্রতিটি জেলাতেই ফার্মাসিস্টদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ প্রমাণ করে যে, PAWB-এর পতাকাতলে আজ সমগ্র পশ্চিমবঙ্গের ফার্মাসিস্ট সমাজ ঐক্যবদ্ধ ও সচেষ্ট।

✍️ "ফার্মাসি দর্পণ" — আপনার লেখনী হোক প্রতিবাদের হাতিয়ার

আমাদের নিজস্ব প্রকাশনা "ফার্মাসি দর্পণ" কেবল একটি পত্রিকা নয়, এটি ফার্মাসিস্টদের কণ্ঠস্বর। আপনার অভিজ্ঞতা, গবেষণা, নিবন্ধ, কবিতা বা স্বাস্থ্য সচেতনতামূলক লেখা পাঠিয়ে দিন আমাদের কাছে।

📩 **লেখা পাঠানোর ঠিকানা: secretary.pawb@gmail.com**

🌐 **আমাদের ওয়েবসাইট: www.pawb.net**

"আসুন, একসাথে লড়াই করি — আমাদের অধিকার, আমাদের ভবিষ্যৎ নিশ্চিত করি।"

সম্পাদনা মণ্ডলী
ফার্মাসি দর্পণ
ফার্মাসিস্টস অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ (PAWB)

সম্পাদকের কলমে

সব্যসাচী হাইত
রাজ্য সম্পাদক
ফার্মাসিস্টস অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ

প্রিয় সাথী,
সংগঠনের পক্ষ থেকে সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। সাম্প্রতিককালে যে সকল সুধীজন, বীর সেনানী, বিশ্ব-বিখ্যাত বরেণ্য ব্যক্তি ও বহু বন্ধু প্রাকৃতিক নিয়মে পরলোকগমন করেছেন তাদের আত্মার চিরশান্তি কামনা করি, তাদের পরিবার-পরিজনদের সমবেদনা জানাই।
বিশ্ব ফার্মাসিস্ট দিবস ২০২৬ -এর Theme:- "Empowering Pharmacists for Healthier Futures"। ভবিষ্যৎ সুস্থ স্বাস্থ্য ব্যবস্থায় ফার্মাসিস্টদের ভূমিকা অপরিসীম ও গুরুত্বপূর্ণ। সাধারণ মানুষ ও স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থার মধ্যে সুনিবিড় বন্ধন হিসাবে কাজ করা নয় তার চেয়েও বেশি গুরুত্বপূর্ণ। বিশ্ব ফার্মাসিস্ট দিবসে শ্লোগান 'ওষুধে আবিষ্কার, ওষুধে তৈরি, ওষুধে সঠিক অনুপাত নয় সঠিক পরিমাণ, সঠিক প্রয়োগ'। উপযুক্ত প্রয়োগ সম্বন্ধে সচেতন ও সঠিক ওষুধ মানুষের হাতে তুলে দিতে পারে এক মাত্র শিক্ষিত ফার্মাসিস্টরাই। বর্তমানে Non-Communicable Disease-এর রোগীর সংখ্যা পৃথিবীতে দিনদিন বৃদ্ধি পাচ্ছে, এইসব রোগীদের দীর্ঘদিন ওষুধ সেবন করতে হয়, সেইজন্য এদের সঠিক ওষুধের প্রয়োজনীয়তার সাথে সঠিক জীবন শৈলী ও সঠিক নিয়ম-শৃঙ্খলা-এর পরামর্শ একমাত্র ফার্মাসিস্টরাই করতে পারে। ফার্মাসিস্ট কেবল পেশাগত মানুষ নয়, Patient Counselling আধুনিক চিকিৎসা ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অধ্যায়।
Patient Counselling in pharmacy is an interactive process where a pharmacist provides oral or written medication information to a patient or caregiver to ensure safe and effective drug use.

The Key Components of Patient Counselling:

1. Direction for use:- Clear instruction on how, when, and how long to take medication by both oral and written.
2. Side effects & Precautions:- Information on potential adverse reaction and what action to take if they occur.
3. Storage Requirements:- Guidance on proper condition, such as refrigeration or protection from light and moisture
4. Life style & Diet changes:- Recommendation on food restriction or lifestyle adjustments needed during treatment.

Objectives and Benefits:-

1. Improve Adherence:- Helps patients follow their dosing schedules correctly, ensuring better treatment compliance.
2. Enhances Safety:- Prevents harmful drug-interaction and manage potential side effects.
3. Empowers Patients:- Turns individuals into active participants in managing their own health and chronic condition.

সম্পাদকের কলমে
সব্যসাচী হাইত

- এইবার আসি সংগঠনের কথায়, পেতে দেছ ভাই আসন আমাদের সংগঠনের উপর দিয়ে বহু ঝড় ঝাপ্টা বয়ে গেছে, আমাদের সদস্যদের স্থানান্তরিত, অপমানিত, লাঞ্ছিত ও দেওয়া হয়েছে বদলির নোটিস। প্রতিহিংসা চরিতার্থ করার জন্য আমাদের সদস্যদের অন্যায় ভাবে বদলি করা হয়েছিল, পশ্চিমবঙ্গ ফার্মাসী কাউন্সিলের চরম দুর্নীতি, অন্যায় ও বেআইনী অস্বাভাবিক 'ফি' বৃদ্ধি ও কাউন্সিল নির্বাচনে জালিয়াতির বিরুদ্ধে প্রতিবাদ ও লড়াই করার জন্য আমাদের সদস্যদের উপর চরম আঘাত হানা হয়েছিল, গত ৪ঠা মে, ২০২৪ এ দলবদলের পর মাননীয় বর্তমান রাজ্যপাল মহাশয়ের সদিচ্ছার জন্য, মহানুভবতার জন্য আমরা আবার পুরোনো কর্মস্থলে ফিরতে পেরেছি, তার জন্য আমরা চির কৃতজ্ঞ, তাই আজ আজ ২৭শে সেপ্টেম্বর, ২০২৪ রবিবার পূর্ব মেদিনীপুর জেলায় মেছাদা "বিদ্যাসাগর স্মৃতি মঞ্চ" অনুষ্ঠান মঞ্চে আমরা পশ্চিমবঙ্গের সমস্ত জেলার ফার্মাসিস্টরা মিলিত হয়ে আমাদের ভালোবাসা দিন, গর্বের দিন, আনন্দের দিন " বিশ্ব ফার্মাসিস্ট দিবস" উৎসাহ ও উদ্দীপনার সাথে পালন করছি।
- ফার্মেসী পেশা একটি অতি প্রয়োজনীয় পেশা, স্বাস্থ্য ব্যবস্থায় ফার্মাসিস্টদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ, রন্ধনশালার রাঁধুনীর মতন, বিগত- বাম আমল থেকে বর্তমান সরকারের আমরা ফার্মাসিস্টরা চরম অবহেলিত, ফার্মেসী পেশা চরম অবহেলিত, ঔষধের মতন একটি রাসায়নিক জীবনদায়ী বস্তুকে সঠিক জায়গায়, সঠিক তাপমাত্রায় সংরক্ষণ করতে হয়, খুব খুব দুঃখের বিষয় আজ পর্যন্ত পশ্চিমবঙ্গে সরকারী হাসপাতালগুলিতে ঔষধ সংরক্ষণ করার জন্য সুনির্দিষ্ট Store নেই, প্রায় ৯৫ (পঁচানব্বই) শতাংশ জায়গায় শীতাতপ নিয়ন্ত্রিত ব্যবস্থা নেই, ফলে ঔষধ ঠিক মতন সংরক্ষণ করা সম্ভব হচ্ছে না, সেই মান্ধাতার আমলের গুটি কতক OPD Pharmacy Counter দিয়ে মহকুমা স্তর থেকে মেডিক্যাল কলেজ ও হাসপাতালগুলিতে সাধারণ মানুষকে সরকারী ঔষধ পরিষেবা দেওয়া হচ্ছে, ফলে সাধারণ মানুষকে ঔষধ পেতে দীর্ঘক্ষণ লাইনে অপেক্ষা করতে হচ্ছে, সঠিক পরিষেবা দেওয়ার নিরিখে ফার্মাসিস্ট পদে নিয়োগ হচ্ছে না, অথচ Store keeper পদ অবলুপ্তি ঘটার জন্য সেই জায়গায় স্থানীয় প্রশাসন ফার্মাসিস্টদের দিয়ে Store-তে কাজ করাচ্ছে। বর্তমানে চিকিৎসা পরিষেবায় (বেসরকারী ক্ষেত্রে) ফার্মেসী পেশার প্রভূত উন্নতি হয়েছে যেমন Indoor/Ward pharmacy, Clinical pharmacy, Pharmacovigilance, Drug Information & Counselling Centre. এইসব জায়গায় রোগীর সঠিক চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে ফার্মাসিস্টদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ, বেসরকারী জায়গায় এইসব পরিষেবা চালু হলেও সরকারী জায়গায় এখনও চালু হয়নি। PHC তথা গ্রামীণ চিকিৎসা ব্যবস্থায় ডাক্তারবাবুদের অনুপস্থিতিতে ফার্মাসিস্টদের দিয়ে চিকিৎসা ব্যবস্থা তথা হাসপাতাল পরিষেবা জনকল্যাণে চালু রাখতে হয়, বর্তমান পরিস্থিতিতে ফার্মাসিস্টদের কাজের পরিমাণ বহু গুণ বৃদ্ধি পেয়েছে কিন্তু আনুপাতিক হারে পদের সংখ্যা বৃদ্ধি হয় নি, অন্যান্য কিছু রাজ্যের মতন ফার্মাসিস্টদের যদি কিছু ঔষধ লেখার অধিকার দেওয়া হয় ও তারজন্য উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া হয় তাহলে জনগণ আরও ভালো পরিষেবা পাবে। ফার্মাসিস্টদের কোন সবেতন উচ্চশিক্ষার (TR Rules) ব্যবস্থা নেই, ফলে উন্নততর ফার্মেসী পরিষেবা থেকে মানুষজন বঞ্চিত হচ্ছে। ফার্মাসিস্টদের কোন Separate Directorate নেই, channel of promotion নীতি নেই, ফলে ফার্মাসিস্টদের কর্মজীবনে উচ্চপদে যাবার রাস্তা নেই, ফার্মাসিস্টরা সঠিক বেতন স্কেল থেকে বঞ্চিত।
- সরকারীভাবে ফার্মেসী শিক্ষার উন্নতি বা প্রসার সেভাবে পরিলক্ষিত হয় নি, পশ্চিমবঙ্গে স্বাস্থ্য দপ্তরের অধীনে মাত্র তিনটি সরকারী কলেজে Diploma in Pharmacy পড়ানো হয় ও একটিতে B.Pharm পড়ানো হয়, সরকারীভাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে B.Pharm, M.Pharm, PhD পড়ানো হয়, আর ৯ টি Polytechnic College (সরকারী)-এ কিছু সংখ্যক আসনে D.Pharm পড়ানো হয়, সরকারীভাবে প্রচুর নতুন Medical College ও Nursing College খোলা হলেও, ফার্মেসী কলেজ নতুন খোলা হয় নি।

সম্পাদকের কলমে
সব্যসাচী হাইত

- পুরোনো কলেজগুলিতে উচ্চশিক্ষার ব্যবস্থা করা হয় নি, প্রচুর বেসরকারী ফার্মেসী কলেজ ছাতার মতন গজিয়ে উঠেছে, সেখানে পঠন পাঠনের মান নিয়ে সবাই সন্দিহান, D Pharm কোর্সে ভর্তির জন্য কোন অভিন্ন প্রবেশিকা পরীক্ষার ব্যবস্থা নেই কেবলমাত্র polytechnic college ছাড়া, ফলে ফার্মেসী ডিগ্রি বা ডিপ্লোমা লাভ করা সহজলভ্য।
- পশ্চিমবঙ্গ ফার্মেসী কাউন্সিল একটি চরম দুর্নীতিগ্রস্ত জায়গা, দালালরাজদের বিচরণ ভূমি, কাউন্সিল যেখানে একটি পবিত্র মন্দির হতে পারত তার জায়গায় একটি নোংরা জায়গায় পরিণত হয়েছে, সঠিক পরিমাণে উৎকোচ দিয়ে দালাল ধরে ওই কাউন্সিল নামক পবিত্র মন্দিরে প্রবেশ করলেই ধূর্তদের দ্বারা আশীর্বাদ স্বরূপ আপনি মোক্ষলাভ করবেন, ওখানে প্রধানপুরোহিত থেকে প্রায় সমস্ত কর্মচারীদের ব্যবহার অতি জঘন্য, কাউন্সিল একটি তোলাবাজির জায়গায় পরিণত হয়েছে, কাউন্সিলের পরিষেবা একেবারে তলানিতে গিয়ে ঠেকেছে, আপনি দালাল পান্ডা না ধরলে সিদ্ধিলাভ করতে পারবেন না, কাউন্সিলের রেজিস্টার একজন নন-ফার্মাসিস্ট, ওনার নিয়োগ বেআইনী ও অবৈধ। যেখানে প্রতি পাঁচ বছরে ডাক্তার বাবুদের Renewal Fee - Rs. 2500/- এবং নার্সিং দিদিমণিদের Renewal Fee - Rs. 400/-, সেখানে ফার্মাসিস্টদের Rs. 6500/-। কোন জাদুবলে এত বৃদ্ধি কে জানে? বিগত ১২ বছর ধরে কাউন্সিল ফার্মাসিস্টদের চরম চরমভাবে শোষণ, অপমান, অসম্মান ও বঞ্চিত করে চলেছে। এই অস্বাভাবিক, অমানবিক, অনৈতিক ফি বৃদ্ধি কার স্বার্থে তা আজও অপ্রকাশিত, প্রচুর Fake ডিগ্রীধারী কাউন্সিল হতে রেজিস্ট্রেশন পেছনের দরজা দিয়ে পেয়ে যাচ্ছে, প্রচুর ভুয়ো Registration Certificate বাজারে ছেয়ে গেছে, এক শক্তিশালী দালালচক্র এইসব নোংরা কাজের সাথে যুক্ত, এরা ফার্মেসী পেশাকে ওই সোনামুখীর হাটে বিক্রি করে দেবে; বিগত ১২ বছরের কাউন্সিলের ভূমিকা ও কার্যকলাপ নিয়ে সঠিক তদন্ত হওয়া উচিত, একই রেজিস্ট্রেশন নম্বরে দুইজন ব্যক্তি, এটা কি করে সম্ভব? গভীর গভীর কার্য ষড়যন্ত্র। বিগত দিনে কাউন্সিল সদস্য ও রেজিস্টার মহাশয় ও কিছু কর্মচারীদের কার্যকলাপ নিয়ে সঠিক তদন্ত হওয়া উচিত, বিগত দশ বছরে বাইরে রাজ্য থেকে আসা ফার্মেসী ছাত্ররা ডিগ্রী নিয়ে ও এখানে এসে যারা রেজিস্ট্রেশন পেয়েছেন তাদের সমস্ত কিছু তথ্য নিয়ে সঠিক তদন্ত হওয়া উচিত; কাউন্সিলের দুর্নীতি উন্মোচন হলে শিক্ষা দপ্তরের দুর্নীতিকে ছাড়িয়ে যাবে।
- পেশার উন্নতি নিয়ে চিন্তা ভাবনা কিংবা লড়াই-আন্দোলন করার লোকজন কমে যাচ্ছে, পেশাগত উন্নতি নিয়ে ফার্মাসিস্টরা সংঘবদ্ধভাবে লড়াই দিতে পারছে না, PPR-2015 নিয়ে আমরা সরকারকে জানিয়েছি যাতে দ্রুত পশ্চিমবঙ্গে চালু করা যায়। সরকারকে জানিয়েছি যাতে দ্রুত পশ্চিমবঙ্গে চালু করা যায়। আগামী Pay Commission এর কাছে আমাদের মাতৃসম PAHB-সংগঠনের পক্ষ থেকে জোরালো দাবী সনদ পেশ করা হবে, তারজন্য আমরা আলাপ আলোচনা চালিয়ে যাচ্ছি; কেন্দ্রীয় হার ও অন্যান্য রাজ্যের মতন ফার্মাসিস্টদের বেতনক্রম ও পদোন্নতি চালু করার জন্য আমরা দাবী সনদ পেশ করব; আসুন এই পবিত্র দিনে আমরা সবাই মতভেদ ভুলে ফার্মাসিস্টদের স্বার্থে, ফার্মেসী পেশার স্বার্থে আমাদের মাতৃসম সংগঠন PAHB-র পতাকা তলে শামিল হয়ে লড়াই, আন্দোলন করি; পেশাগত সংগঠিত লড়াই ও আন্দোলনকে জোরালো করার লক্ষ্যে PAHB-র পতাকাকে উদীয়মান রেখে পেশার উন্নতির জন্য পথ প্রদর্শক হয়ে চলুন আমরা সবাই এগিয়ে চলি।
- সবাইকে বাঙালীর আবেগ, আনন্দ, ভালোবাসা, মিলনের উৎসব, প্রাণের উৎসব তথা শারদীয় উৎসবের প্রাক্ শুভেচ্ছা, অভিনন্দন ও শুভকামনা জানিয়ে শেষ করলাম।

জয় হিন্দ,
বন্দে মাতরম,

নমস্কারান্তে
বিনীত
সব্যসাচী হাইত

পশ্চিমবঙ্গের ফার্মাসি পেশা - ঐতিহ্য, অগ্রগতি ও ভবিষ্যৎ

শম্ভুনাথ বেরা
অর্গানাইজিং সেক্রেটারি, PAWB

একটি সর্বভারতীয় প্রেক্ষাপটে বিশ্লেষণ

ফার্মাসি দর্পণ • সেপ্টেম্বর ২০২৬ • বিশেষ সংখ্যা

"ওষুধ তৈরি করা শুধু রসায়ন নয়, এটা মানুষের প্রতি দায়বদ্ধতা" - আচার্য প্রফুল্লচন্দ্র রায়

১৮৯২ সাল। কলকাতার ৯১ আপার সার্কুলার রোডে একটি ছোট ঘরে বসে এক বাঙালি বিজ্ঞানী দেশীয় ভেষজ থেকে ওষুধ তৈরি করছেন। নাম প্রফুল্লচন্দ্র রায়। তাঁর হাত ধরেই জন্ম নিল বেঙ্গল কেমিক্যাল - এশিয়ার প্রথম ওষুধ কোম্পানি। সেই ঘর থেকেই শুরু হয়েছিল পশ্চিমবঙ্গের ফার্মাসি পেশার ঐতিহ্য। আজ ২০২৬ সালে দাঁড়িয়ে যখন আমরা World Pharmacists Day উদযাপন করছি, তখন সেই ঐতিহ্য এক নতুন মোড়ে এসে দাঁড়িয়েছে - যেখানে ইতিহাস, আইন এবং ভবিষ্যৎ এক সুতোয় বাঁধা।

১. ঐতিহ্য: বাংলাই ফার্মাসির আঁতুড়ঘর

পশ্চিমবঙ্গ শুধু ফার্মাসি পড়ায়নি, ফার্মাসি ভাবতে শিখিয়েছে।

- ১৮৯২: বেঙ্গল কেমিক্যাল প্রতিষ্ঠা — এশিয়ার প্রথম ওষুধ কোম্পানি।
- ১৯৩২: কলকাতা বিশ্ববিদ্যালয়ে প্রথম B.Pharm কোর্স চালু হয় ব্রিটিশ ভারতে।
- ১৯৪৮: Pharmacy Act পাশ হয় - যা আজও আমাদের পেশার মূল ভিত্তি। এই আইনের ১০ ও ১৮ ধারাই PCI কে রেগুলেশন তৈরির ক্ষমতা দেয়।
- ১৯৪০ ও ১৯৪৫: Drugs and Cosmetics Act, 1940 এবং Rules, 1945 তৈরি হয় - যার Schedule N অনুযায়ী National Formulary (NFI) প্রকাশ বাধ্যতামূলক।

এই আইনই বলে কে ওষুধ বিক্রি করতে পারবে, কীভাবে করবে।

বাংলার ফার্মাসিস্টরা স্বাধীনতার আগে থেকেই শুধু দোকানে বসেননি - তাঁরা ওষুধ তৈরি করেছেন, গবেষণা করেছেন, মানুষকে বুঝিয়েছেন।

২. অগ্রগতি: যে তিনটি আইন আমাদের পেশাকে বদলে দিল

গত ১০ বছরে ফার্মাসি পেশা সবচেয়ে বেশি বদলেছে তিনটি রেগুলেশনের হাত ধরে।

ক) Pharmacy Practice Regulations, 2015 (Amended up to 2025): এই রেগুলেশন প্রথমবার স্পষ্ট করে বলল - ফার্মাসিস্ট মানে শুধু ওষুধ দেওয়া নয়। এর কাজ হল - Prescription interpretation, patient counseling, drug regimen review, pharmaceutical care। ২০২৫ এর amendment এ clinical pharmacist এবং drug information pharmacist এর দায়িত্ব আরও স্পষ্ট করা হয়েছে।

- Prescription interpretation
- Patient counseling
- Drug regimen review
- Pharmaceutical care
- নতুন পদ: Clinical Pharmacist, Drug Information Pharmacist

সঠিক নিয়মে ওষুধ সেবন,
সুস্থ জীবনের মূল চাবিকাঠি। 💊

Visit WWW.PAWB.NET

পশ্চিমবঙ্গের ফার্মাসি পেশা - ঐতিহ্য, অগ্রগতি ও ভবিষ্যৎ

শম্ভূনাথ বেরা
অর্গানাইজিং সেক্রেটারি, PAWB

খ) Pharmacy Education Regulations:

- ১৯৯১ থেকে শুরু করে ২০২৫ পর্যন্ত ধারাবাহিক পরিবর্তন
- PCI approval process এখন সম্পূর্ণ online
- Aadhaar authentication বাধ্যতামূলক
- Staff-student ratio: 1:20 (theory ও practical)

অর্থাৎ, শিক্ষার মান নিয়ে আর আপস নয়।

গ) সবচেয়ে বড় পরিবর্তন - Pharmacist Recruitment, Promotion and Service Regulations, 2025:

৮ জুন ২০২৫ গেজেটে প্রকাশিত হয়েছে এই যুগান্তকারী রেগুলেশন। ৭৭ বছরে প্রথমবার সারা ভারতে ফার্মাসিস্টদের জন্য একটাই ক্যাডার স্ট্রাকচার তৈরি হল।

- প্রথমবার সারা ভারতে একক ক্যাডার স্ট্রাকচার
- Level-7 থেকে Level-12 পর্যন্ত পদোন্নতির সুযোগ
- নতুন পদ: Clinical Pharmacy Officer, Drug Information Pharmacy Officer
- Group B থেকে Joint Director পর্যন্ত পদোন্নতি — 7th CPC অনুযায়ী বেতন

👉 সুপ্রিম কোর্ট (২০২৪) রায় দিয়েছে: D. Pharm কে essential qualification ধরা যাবে। অর্থাৎ, D.Pharm-এর practical training আইনত স্বীকৃত।

- **Schedule I:** Pharmacy Officer (Level-7), Senior Pharmacy Officer (Level-8), Assistant Chief Pharmacy Officer (Level-9), Chief Pharmacy Officer (Level-10), District Pharmacy Officer / Deputy Director (Level-11), Joint Director (Pharmacy) (Level-12)
- **Schedule II:** নতুন দুটি পদ - Drug Information Pharmacy Officer ও Clinical Pharmacy Officer (Level-8)
- **Schedule III:** Pharmacy Officer পদে ১০০% direct recruitment, উপরের পদগুলিতে promotion এর মাধ্যমে

এর মানে কী? আগে পশ্চিমবঙ্গে ফার্মাসিস্ট ছিলেন Group C, কোথাও Group B। এবার থেকে সারা ভারতে Pharmacy Officer মানে Group B, Level-7 থেকে শুরু, পদোন্নতি পেয়ে Joint Director পর্যন্ত যাওয়ার সুযোগ - 7th CPC অনুযায়ী বেতন। এটা শুধু চাকরি নয়, পেশার মর্যাদা।

এবং সুপ্রিম কোর্ট ২০২৪ সালে Bihar Pharmacist Cadre Rules মামলায় রায় দিয়েছে - State সরকার চাইলে D.Pharm কে essential qualification করতে পারে, B.Pharm থাকলেও D.Pharm না থাকলে সেই পদে আবেদন করা যাবে না। অর্থাৎ, D.Pharm এর practical training এর গুরুত্ব আইনত স্বীকৃত।

পশ্চিমবঙ্গের ফার্মাসি পেশা - ঐতিহ্য, অগ্রগতি ও ভবিষ্যৎ

শম্ভুনাথ বেরা
অর্গানাইজিং সেক্রেটারি, PAWB

৩. ভবিষ্যৎ: ওষুধ থেকে রোগী - পশ্চিমবঙ্গের পথ

Drugs & Cosmetics Act বলে ওষুধ কীভাবে তৈরি ও বিক্রি হবে, Pharmacy Practice Regulations বলে ফার্মাসিস্ট কীভাবে রোগীকে সেবা দেবে, আর ২০২৫ এর Recruitment Rules বলে ফার্মাসিস্ট কোথায় বসবে, কীভাবে পদোন্নতি পাবে। এই তিনটি মিলেই তৈরি হচ্ছে ভবিষ্যৎ।

পশ্চিমবঙ্গের জন্য এর মানে কী?

১. হাসপাতালে Clinical Pharmacist বাধ্যতামূলক: NFI 2026 এবং PPR 2015 অনুযায়ী প্রতিটি ৩০০ বেডের হাসপাতালে Pharm.D ও M.Pharm Clinical Practice থাকা বাধ্যতামূলক। পশ্চিমবঙ্গের সরকারি হাসপাতালগুলিতে Clinical Pharmacy Officer পদ তৈরি হলে ওষুধের ভুল ৪০% কমবে - এটা WHO এর তথ্য।

২. Recruitment Rule 2025 দ্রুত রাজ্যে লাগু করা: PCI ৩ মাস সময় দিয়েছিল রাজ্যগুলিকে মতামত দেওয়ার জন্য। পশ্চিমবঙ্গ যদি এই ৬-স্তরীয় ক্যাডার এখনই গ্রহণ করে, তবে ৩ ,০০০+ ফার্মাসিস্টের পদোন্নতির জট খুলবে। ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন, পশ্চিমবঙ্গ (Estd. 1980, Regn. 15476) এই দাবি দীর্ঘদিন ধরে করে আসছে - এবার আইনি ভিত্তি তৈরি হয়েছে।

৩. MMC Act / NMC Act 2019 এর সঙ্গে সঙ্গতি: National Medical Commission Act এ বলা আছে - rational drug use নিশ্চিত করতে Pharmacist কে healthcare team এর অবিচ্ছেদ্য অংশ করতে হবে। Pharmacy Practice Regulations সেই কথাই বলে। ডাক্তার-ফার্মাসিস্ট-নার্স একসঙ্গে কাজ করলে তবেই রোগী সুরক্ষিত।

গল্পটা এখানেই শেষ নয়, শুরু। আচার্য রায় যে প্রদীপ জ্বালিয়েছিলেন ১৮৯২ সালে, সেই প্রদীপ আজ হাতে নিয়ে দাঁড়িয়ে আছেন পশ্চিমবঙ্গের হাজার হাজার ফার্মাসিস্ট। একসময় তাঁরা ওষুধ বানাতেন, আজ তাঁরা ওষুধের নিরাপত্তা দেন, কাল তাঁরা চিকিৎসার নীতি নির্ধারণ করবেন।

- **ঐতিহ্য আমাদের শিকড়**
- **অগ্রগতি আমাদের কাণ্ড**
- **ভবিষ্যৎ আমাদের ফুল**

ফার্মাসি দর্পণ সেই ফুলেরই দর্পণ।

তথ্যসূত্র: *Pharmacy Council of India, Pharmacist Recruitment, Promotion and Service Regulations, 2025, Notification No. 10-82/2025-PCI, Published 8th June 2025Pharmacy Practice Regulations, 2015 & Amendment 2025, Definition of Practice of PharmacyDrugs & Cosmetics Act 1940, Schedule N - NFI as official referenceSupreme Court Judgment on Bihar Pharmacist Cadre Rules, 2024 - D.Pharm as essential qualification upheldPCI Education Regulations, Staff Student Ratio 1:20, PIB Press Release 4th Feb 2025PCI Draft Regulations 2025 - Unified National Cadre, Level 7 to 12 pharmabiz.compharmacyfreak.compharmabiz.comcasemine.compib.gov.in*

Disclaimer: Compiled, translated and edited from various public resources including PCI, MoHFW, NMC notifications and official gazettes. For educational purpose only, not to be treated as an official order or legal document. Please verify with the respective official websites for authentic and updated information.

তোমার অবদান ও সম্মান

দেবারূপ মজুমদার
Aranghata RH, Ranaghat-II, Nadia

Prescription টা হাতে, নিয়ে সূক্ষ্ম নজর রাখি,
ওষুধ আর তার মাত্রার মাঝে, ভুল না থাকে বাকি।
কখন খাবে কি ভাবে খাবে - সব বুঝিয়ে বলি,
রোগীর সেবায়, সচেতনতার আলো জ্বালিয়ে চলি।
ICU বা Emergency, সবোতে সঠিক ওষুধ যোগাই,
মেয়াদ বল বা Cold Chain-এ, সর্বদা খেয়াল বিলাই।
Antibiotics-এর সঠিক ব্যবহারে, জাগাই সচেতনতা (সচেতনতা),
জনস্বাস্থ্যের সুরক্ষা তে, রাখি সততা।
Doctor আর Patients দের মাঝে, গড়ে তুলি সেতু,
নিরাপদ আর সুস্থ জীবনের, আমরাই হলাম হেতু।
স্বাস্থ্যসেবার নীরব কর্মী, দায়িত্ব পালনে অটুট মন,
Pharmacist দের সেবামূলক মনোভাব, থাকবে সারাক্ষণ।
কিন্তু -
এই পথ টা তো সহজ ছিল না, ছিল বহু শ্রম,
Pharmacology আর Clinical জ্ঞানে, গড়েছি নিজের মন।
রোগীর সেবায় নিয়ত থেকে, গড়েছি এই জ্ঞান,
তবু কেন প্রশাসনিক ভুলে, হারাবো আত্মসম্মান।
কোনো কাজ কেই ছোটো করনা, সম্মান সবারই প্রাপ্য,
কেবল আমাদেরই যোগ্যতা হারাবে, হবে না তা ঠিকমতো গৃহীত?
অন্য সারিতে এক করে দিলে, লাগে হৃদয়ে ব্যথা,
চিকিৎসা ব্যবস্থার একটি অঙ্গ আমরা - এ টা কি ভুল কথা?
রোগীর স্বার্থে, যে অপারক কষ্ট আমরা করে চলি,
পেশার স্বার্থে, সরব হতে কেন ভুলি?
নিজের যোগ্য সম্মান টুকু, পাওয়ার অধিকার রাখি আমি,
এই লড়াই এ, তোমার নিবেদিত প্রাণই হবে, সবথেকে দামী।।

ওষুধের ডোজ ও সময়সূচী মেনে চলুন,
দ্রুত আরোগ্য লাভ করুন। ⏱️

Visit
WWW.PAWB.NET

PHARMACISTS' ASSOCIATION, WEST BENGAL
SEVA SATATA SANGRAM
T.U. Regn. No. - 15476 • ESTD. 1980

মেঘের আড়ালে সূর্য হাসে

গোবিন্দ মাইতি
সহ-সভাপতি, ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ।

বিশ্ব ফার্মাসিস্ট দিবস উপলক্ষে কৃতজ্ঞতা ও সাংগঠনিক বার্তা
গৈরিক অভিনন্দন ও শ্রদ্ধা সকল শুভানুধ্যায়ী ব্যক্তিবর্গ, যারা তাঁদের অমূল্য সময় ব্যয় করে আমাদের এই "বিশ্ব ফার্মাসিস্ট দিবস" উপলক্ষে আয়োজিত মহতী অনুষ্ঠানে উপস্থিত হয়ে অনুষ্ঠানটিকে সাফল্যমণ্ডিত করে তুলেছেন, তাঁদের সবাইকে জানাই রাষ্ট্রবাদী গৈরিক অভিনন্দন।
শুভ ফার্মাসিস্ট দিবসে যে সকল সুহৃদ রক্তদাতা তাঁদের অমূল্য রক্তদানের মাধ্যমে আজকের এই বিশেষ দিনটিকে সার্থক করে তুলেছেন, তাঁদের সবাইকে জানাই অন্তরের গভীর শ্রদ্ধা। আর যাঁদের উপস্থিতিতে আজকের এই অনুষ্ঠান সর্বাঙ্গীন সুন্দর রূপ ধারণ করল, সেই সমস্ত সম্মানীয় অতিথিবর্গকে জানাই আন্তরিক নমস্কার, শুভেচ্ছা ও অভিনন্দন।
সংকট ও প্রতিকূলতার দিনগুলি বিগত দুই থেকে তিন বছর ধরে আমাদের সংগঠন অত্যন্ত কঠিন সময় অতিক্রম করেছে। একদিকে 'ফেডারেশন' এবং অন্যদিকে 'পিএইচএ'—এই দুই যাঁতাকলের করাল গ্রাসে পড়ে তীব্র সাংগঠনিক সংকটের সূচনা হয়। ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ (PAWB)-এর নামে কোনো বৈঠক বা কর্মসূচি আয়োজন করলেই তাঁদের তীব্র গাত্রদাহ শুরু হতো।

- ঘাটাল সম্মেলনের প্রাক্কালে বাধা: তৃণমূল সমর্থিত রাজ্য সরকারি কর্মচারী ফেডারেশন হুইপ জারি করে জানায় যে, ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশনের আলাদা রাজ্য সম্মেলন করা যাবে না।
- সংশয় ও ভয়: ফেডারেশন সহযোগিতা না করলে বা শাসকদলের নেতা-মন্ত্রীরা না এলে সম্মেলনের জৌলুস ফিকে হবে কিনা, কিংবা ফেডারেশনের ব্যাকআপ না থাকলে সংগঠনের অস্তিত্ব বিলুপ্ত হবে কিনা—এই নিয়ে অনেকের মনে ভয় ও সংশয় তৈরি হয়।
- দ্বিধাদ্বন্দ্ব: অনেকে নিজেদের স্থান ধরে রাখার তাগিদে "শ্যাম রাখি না কুল রাখি" মানসিকতা নিয়ে সম্মেলন থেকে মুখ ফিরিয়ে নিয়েছিলেন।

প্রতিরোধ ও সাফল্য তবে আমাদের রাজ্য সভাপতি, রাজ্য সাধারণ সম্পাদক, কনভেনার এবং মুষ্টিমেয় কয়েকজন যোদ্ধার হার না মানা লড়াইয়ের দৌলতে ঘাটাল সুবর্ণজয়ন্তী রাজ্য সম্মেলন অত্যন্ত সাফল্যের সঙ্গেই সম্পন্ন হয়।

- স্থানীয় সহযোগিতা: রাজ্য সাধারণ সম্পাদক স্থানীয় ভূমিপুত্র এবং প্রাক্তন ছাত্রনেতা হওয়ায় তাঁর এক আলাদা গ্রহণযোগ্যতা ছিল। পাশাপাশি, আমরা মহকুমা শাসক মাননীয় শ্রী সুমন বিশ্বাস মহাশয়কে পাশে পেয়েছিলাম, যিনি নিজে একজন ফার্মাসিস্ট হওয়ায় কাজটা আরও সহজ হয়ে যায়।
- বাধাবিপত্তি জয়: শত বাধা অতিক্রম করে দুই দিনব্যাপী সম্মেলন সাফল্যের শীর্ষে পৌঁছায় এবং ফেডারেশনকে নিজেদের সাংগঠনিক শক্তির জবাব দেয়।

সংগ্রাম ও প্রতিবাদের ধারা পেশার স্বার্থে ফার্মেসি কাউন্সিলের চরম অব্যবস্থা, লাগামহীন ফি বৃদ্ধি এবং পাহাড়প্রমাণ দুর্নীতির বিরুদ্ধে সামনে থেকে লড়াইয়ের নেতৃত্ব দিয়েছেন আমাদের রাজ্য সাধারণ সম্পাদক শ্রী সব্যসাচী হাইত।

- আইনি লড়াই ও প্রতিবাদ: দীর্ঘদিন ভোট না হওয়া অবৈধ কাউন্সিলের বিরুদ্ধে আদালতের আদেশে ভোট হলেও, তৎকালীন সরকার সমর্থিত প্যানেল প্রহসনের ভোটের মাধ্যমে সবকটি আসনে জয়লাভ করে নিজেদের কর্তৃত্ব বজায় রাখে। এর বিরুদ্ধেও সোচ্চার প্রতিবাদ গড়ে তোলেন আমাদের রাজ্য সম্পাদক।
- প্রতিশোধমূলক বদলি: প্রতিবাদ রুখতে রাজ্য সম্পাদকসহ কয়েকজন কেন্দ্রীয় নেতৃত্বকে বদলি করা হয়। কোনোভাবে দমানো না গেলে, পরিশেষে রাজ্য সম্পাদককে পরিবার থেকে বিচ্ছিন্ন করার চক্রান্তে সুদূর বাঁকুড়ায় বদলি করে দেওয়া হয়।

মেঘের আড়ালে সূর্য হাসে

গোবিন্দ মাইতি
সহ-সভাপতি, ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ।

সংগ্রামের জয় ও নতুন অধ্যায়ের সূচনা
প্রতিবাদ ও প্রতিরোধের আগুন কিন্তু শেষ পর্যন্ত নেভানো যায়নি। সাময়িকভাবে আমাদের সংগঠনকে দমানোর চেষ্টা হলেও তা পুরোপুরি বন্ধ করা সম্ভব হয়নি।

- স্বাস্থ্য অধিকর্তার কাছে জবাবদিহি: রাজ্য সম্পাদকের বদলির রহস্য জানতে আমরা তৎক্ষণাৎ রাজ্যের স্বাস্থ্য অধিকর্তার (DHS) কাছে হাজির হই। কিন্তু সেদিন তাঁর কাছে কোনো সদুত্তর ছিল না; পরবর্তীতে জানা যায়, সম্পূর্ণ চক্রান্তটি ছিল তৎকালীন শীর্ষ প্রশাসনের (নবান্ন)।
- একক সংগ্রাম: বারবার ডেপুটেশন দেওয়া হলেও কোনো কাজ হয়নি। সেই সংকটকালে গ্রেফতার বা হেনস্তার ভয়ে অনেকেই পাশে দাঁড়াতে ভয় পাচ্ছিলেন। কিন্তু প্রতিকূল পরিস্থিতিতেও মুষ্টিমেয় নেতৃত্ব সাহস হারাননি।

রাজনৈতিক পরিবর্তন ও আশার আলো "রাখে হরি মারে কে!"—বিগত সরকারের পাহাড়প্রমাণ দুর্নীতি ও সর্বগ্রাসী মনোভাবের বিরুদ্ধে সাধারণ মানুষ গর্জে ওঠে।

- গণতান্ত্রিক রায়: গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করে রাজ্যের জনগণ এক নতুন রাষ্ট্রবাদী সরকার প্রতিষ্ঠা করে, যাদের মূল নীতি—দুর্নীতির প্রশ্নে জিরো টলারেন্স।
- নেতৃত্বকে গৈরিক অভিনন্দন: জনগণের সমর্থনে রাজ্য পরিচালনার দায়িত্ব যাঁর কাঁধে অর্পিত হলো, তিনি দুই দুইবারের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে পরাজিত করা মেদিনীপুরের ভূমিপুত্র, মাননীয় শ্রী শুভেন্দু অধিকারী মহাশয়। ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ-এর পক্ষ থেকে তাঁকে জানাই রাষ্ট্রবাদী গৈরিক অভিনন্দন।

অধিকার আদায় ও ফার্মেসি পেশার নতুন সূর্যোদয় নতুন সরকার গঠনের পর সংগঠনের দীর্ঘ লড়াই অবশেষে সাফল্যের মুখ দেখে।

- মুখ্যমন্ত্রীর সাথে সাক্ষাৎ: আমাদের রাজ্য সম্পাদক মাননীয় মুখ্যমন্ত্রীর সাথে ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করে ফার্মাসিস্টদের দাবি ও আশা-আকাঙ্ক্ষার কথা তুলে ধরার সুযোগ পান।
- নেতৃত্বের পুনর্বাসন: দীর্ঘ ঘাত-প্রতিঘাত অতিক্রম করে আমরা রাজ্য সম্পাদককে সুদূর বাঁকুড়া থেকে কলকাতার উপকণ্ঠে ফিরিয়ে আনতে সক্ষম হই। পাশাপাশি, কেন্দ্রীয় কমিটির সদস্য মাননীয় প্রভাত কুণ্ডু মহাশয়কেও তাঁর পুরনো কর্মস্থলে ফিরিয়ে আনা হয়।

দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে, মেরুদণ্ড সোজা রেখে ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন আজ তার কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাল—ফার্মেসির ইতিহাসে সূচনা হলো এক নতুন সূর্যোদয়ের।

সংগঠনের গৌরবময় ইতিহাস ও নেতৃত্ব
"ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ" (TU Reg. No. 15476)—১৯৮০ সালে প্রতিষ্ঠিত এবং ১৯৮১ সালে নিবন্ধিত এই সংগঠন দীর্ঘ সংগ্রাম ও লড়াইয়ের মধ্য দিয়ে আজ প্রায় অর্ধশতাব্দী অতিক্রম করতে চলেছে।

- প্রতিষ্ঠাতা ও প্রবীণ নেতৃত্ব: প্রয়াত প্রাণগোবিন্দ পাল, প্রয়াত অমলেশ মাইতিসহ একাধিক বিদগ্ধ ফার্মাসিস্টের হাতে এই সংগঠনের ভিত্তিপ্রস্তর স্থাপিত হয়েছিল।
- পরামর্শদাতা ও অভিভাবক: পশ্চিমবঙ্গ রাজনীতির অন্যতম প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব, সাবেক তিনবারের সাংসদ সর্বজনশ্রদ্ধেয় শ্রী শিশির অধিকারী মহাশয় একসময় এই সংগঠনের প্রধান পরামর্শদাতা ছিলেন। আমরা নতমস্তকে তাঁকে প্রণাম জানাই এবং তাঁর দীর্ঘ ও সুস্থ জীবন কামনা করি।

মেঘের আড়ালে সূর্য হাসে

গোবিন্দ মাইতি
সহ-সভাপতি, ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ।

সংগঠনিক প্রাপ্তি ও অধিকার আদায় রাজ্যে পরিবর্তনের সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর সংগঠনের ধারাবাহিক আন্দোলনের ফলে দীর্ঘদিন আটকে থাকা একাধিক দাবি বাস্তবায়িত হয়েছে:

- গ্রেডেশন লিস্ট ও পদোন্নতি: স্বাস্থ্য অধিকর্তা (DHS) ও এডিএইচএস (ক্যাডার)-এর কাছে লাগাতার দরবারের ফলে ইতোমধ্যে ২১৬ ও ৩৫২ জন এবং পূর্বে ৯৩ জনসহ মোট ৬৬১ জন ফার্মাসিস্ট Grade-II পদে উন্নীত হয়েছেন বা হতে চলেছেন।
- ডাইং ক্যাডারের সমাধান: যাঁরা ভুলবশত ডাইং ক্যাডারে থেকে গিয়ে গ্রেডেশন থেকে বঞ্চিত হয়েছেন, তাঁদের ক্যাডারে ফিরিয়ে আনার জন্য শেষ সুযোগ দেওয়ার প্রয়োজনীয় সরকারি নির্দেশনামা প্রকাশের আবেদন জানানো হয়েছে।
- সপ্তম পে কমিশন ও ভাতা: PCI-এর নির্দেশিকা অনুযায়ী পে-স্কেল, পেশেন্ট কেয়ার অ্যালাউন্স, ট্রান্সপোর্ট অ্যালাউন্স এবং নন-প্র্যাকটিসিং অ্যালাউন্সের দাবি তুলে ধরে মেমোরেন্ডাম জমা দেওয়ার প্রস্তুতি চলছে।

সংকটকালের সঙ্গী ও কৃতজ্ঞতা প্রকাশ সংগঠনের কঠিন সময়ে যাঁরা ঢাল হয়ে পাশে দাঁড়িয়েছেন, তাঁদের জানাই সশ্রদ্ধ প্রণাম ও কুর্নিশ। বিশেষ করে অবসরপ্রাপ্ত প্রবীণ সহযোদ্ধা—অবনীদা, সুভাষদা, নবদা, অসীমদা, আশিসদা, শ্যামাদা, প্রশান্তদা, পূর্ণেন্দুদা ও বিশুদা সহ যাঁরাই প্রতিনিয়ত খোঁজখবর রেখেছেন ও পরামর্শ দিয়েছেন, তাঁদের অবদান চিরস্মরণীয়।

জেলা সম্মেলন ও আগামী দিনের ঐক্য ইতিমধ্যে কলকাতা, বীরভূম, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, ডায়মন্ড হারবার, উত্তর ও দক্ষিণ চব্বিশ পরগনা, হাওড়া, রামপুরহাট এবং মুর্শিদাবাদসহ একাধিক সাংগঠনিক জেলায় বার্ষিক সাধারণ সভা সফলভাবে সম্পন্ন হয়েছে। বাকি জেলাগুলিতেও সভা আয়োজনের প্রস্তুতি চূড়ান্ত।

ফার্মেসি পেশা ও সংগঠনের আকাশে যে কালো মেঘ জমেছিল, তা আজ কেটে গিয়ে নতুন সূর্যোদয় ঘটছে। কবির ভাষায়:

"মেঘ দেখে কেউ করিস নে ভয়, আড়ালে তার সূর্য হাসে,হারা শশীর হারা হাসি, অন্ধকারেই ফিরে আসে।"

আসুন, পেশার ও ফার্মাসিস্টদের স্বার্থে আমরা সবাই মাতৃসম সংগঠন PAWB-এর পতাকাতলে একজোট হই। নিজেদের মূল্যবান সময় কিছুটা পেশার উন্নয়নে ব্যয় করি, তবেই আমরা আমাদের কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছাতে পারব।

জয় হিন্দ, বন্দে মাতরম্।

ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ জিন্দাবাদ।

ছাত্র-শিক্ষক-কর্মচারী ঐক্য জিন্দাবাদ।

— গোবিন্দ মাইতি

সহ-সভাপতি, ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ

আমাদের রাজ্য

শ্রী-বিশ্বরঞ্জন বেরা
পেট্রন, ফার্মাসিস্ট অ্যাসোসিয়েশন পশ্চিমবঙ্গ।

১. আমাদের বাংলা-

রাজনীতি চলে নিচ থেকে,
নির্বাচনের পরেও তাই দুই হট্টগোল থাকে।
পার হয়ে গেছে ডান, পার হয়েছে বাম,
দুইদিক নীচু করে উঁচু হয়েছে "তৃণমূল" নাম।
চকচকে শিলা পোঁতা কোথাও নেই কাজ,
পশ্চিমে জঙ্গল আর কলকাতায় লন্ডনের সাজ।
চাকরি হবে, চাকরি দেব হেথা—মানুষের ডাক,
তরুণ-যুবক-মহিলাদের থেকে থেকে হাঁক।
তারপর দিন গেল, গেল মাস—বছর রইল পড়ে,
রাজ্যের ছেলে-মেয়ে তারই অতল তলে।
স্কুলে ঢোলে ছেলে মেয়ে পরীক্ষার কালে,
চোখে নাকে জল ভরে গেল বিফলে।
লেখাপড়া শিখলে কভু চাকরি হবে মরে,
যুবক থাকিলেও চাকরি হয়, অবসর ক'রে।
টাকা দিয়ে মাসে তারা, চাকরি শুধু মাগে,
চতুররা চাকরি পায়, গরীবরা ভোগে।
আষাঢ়ে গল্প ফাঁদে, কথায় শুধু চূড়,
লোফিয়া-ছুটিয়া চলে নেতা বড় বড়।
মহাবেগে কথায় কথায় ফুলঝুরি ছোটে,
ঘোলা জলে মানুষগুলি মাছ ধরে বটে।
এই ভাবে নির্বাচনী ঢাকে পড়ে যায় সাড়া,
ভোটের উৎসবে জেগে ওঠে সারা বাংলার পাড়া।

৩. ভোট

এসেছে ভোট লাগবে চোট আম-জনতার পরে,
সকাল বিকাল সব বেলাতেই মহা মিছিল করে।
নেতানেত্রীগণ কাঁপে যেন, তাদের বুক করে দুরু দুরু,
হয়েছে সময় নির্বাচন এবার দিন গোনা হলো শুরু।
নেতা মন্ত্রী সব শহর থেকে বলো লোক জুটিল মেলা,
পাড়ায় পাড়ায় খবর দিয়ে যায় দলকর্মী দুই বেলা।
লেখাপড়া মেয়ে-বেকার
অবশেষে মিছিলে মিছিলে সুরে সুরে শেষে,
কাজ পাবে বুঝি তারা গেলো কাঁচকলার ছড়া।
নয়ন ভরা জল করে টলমল,
কচিকাঁচা মন বিষাদে ভরে গেছে স্বপনে আবেশ করে।
শান্ত্বনা—কে দিবে শান্ত্বনা তারে?
চারিদিকে তাই আলো আঁধারিতে দেখি যে ভোটের ছবি,
চোটের ভয়ে ভোট দিয়ে যাই জনসাধারণ খায় হাবুডুবু।

২. সবাই তোমায় ভালোই বলে

মানানসই,
গুণের মধ্যে অনেক বেশী,
কাজের কথা কই।
পরিবর্তনের হাওয়া
পালে লাগল যখন,
আম-জনতা দেখেছে তোমার
অনেক রকম বঙ্কিম।
আবার দেখাও নেতার মধ্যে
অনেক রকম ভঙ্গি করে কখনো কোন মঞ্চে,
ওমা! কী ভয়ানক কেলেঙ্কারী
কাঁচা ধরে নাচতে।
যেই শুনেছ অমনি,
দুরজনের সংসর্গ ছেড়ে
দাঙ্গাবাজের কাজ জানো তো
ফলে এলেছ তুমি।
শুধু স্বার্থ বাগাবার
চোখে আঙুল দিয়ে দেখিয়েছিলে
তুমিই বারংবার।
আবার দেখাও খুন ধরানো
একই রকম সুযোগ সন্ধানীর
রাজ্য জুড়ে একি!
মূর্তিগুলি দেখি।
সাহস করে বলেছ সদাই—
"আমার কাছে অসৎ লোকের
জানতে পেরে সত্যি একটুও ঠাঁই না আছে,"
তুমিই হলে ধন্য জনগণের কাছে।
সবাই তোমায় রাখবে ধরে
এসব গুণের জন্য,
ভুলি না বলেই এসব কথা
সকলে থাকি চুপ।
কিন্তু মোরা মাঝে মধ্যেই
জেনে হচ্ছি—বেয়াকুফ।
আমরা দেখি অলীক স্বপন
ঘুম গেল চটকে,
চিনতে বুঝি ভুল করলাম
চরম পরম সত্যকে।।

ওষুধের অপব্যবহার রোধ করি,
একটি সুস্থ সমাজ গড়ে তুলি।
Visit WWW.PAWB.NET
PHARMACISTS' ASSOCIATION, WEST BENGAL · SEVA SATATA SANGHATI SANGRAM · T.U. Regn. No.- 15476 · ESTD. 1980

PCI Pharmacist Recruitment, Promotion and Service Regulations, 2025 - একটি যুগান্তকারী পদক্ষেপ

সম্পাদক মণ্ডলী
